দৈনিক সংবাদ

তারিখ 22 NOV 1988
পৃষ্ঠা 6 কলাম 5

009

## স্নাতক পরীক্ষায় নকলের দায়ে বিভিন্ন স্থানে কয়েকজন বহিষ্কৃত

নারায়ণগঞ্জ থেকে জেলা বার্তা পরিবেশক জানান, রোববার নারায়ণগঞ্জে সরকারী তোলারাম কলেজের স্নাতক পরীক্ষা নারায়ণগঞ্জ সরকারী উচ্চ বিদ্যালয় কেন্দ্রে সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হয়েছে। তবে নকল করার অভিযোগে দু'জনকে বহিষ্কার করা হয়েছে। জেলা প্রশাসক জানান, শনিবারের বাতিলকৃত পরীক্ষাটি পুনরায় অনুষ্ঠিত হতে পারে বলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আশ্বাস দিয়েছেন।

যশোর

যশোর থেকে জেলা বার্তা পরিবেশক জানান, নকল করতে না দেয়ায় কিছু ছাত্র যশোর পলিটেকনিক কলেজে ভাঙচুর এবং বোমাবাজি করেছে।

নরসিংদী

নরসিংদী থেকে পাওয়া খবরে জানা গেছে, নকল করার অভিযোগে রোববার রমিজউদ্দিন কলেজ কেন্দ্র থেকে দু'জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

গাজীপুর

পরীক্ষার্থী বহিষ্কারের ঘটনাকে কেন্দ্র করে রোববার কাপাসিয়া কলেজ কেন্দ্রে ১৮ জন পরীক্ষার্থী উত্তরপত্র জমা দেয়নি বলে এখানে পাওয়া খবরে জানা গেছে।